



এক নজরে তথ্যাবলী

আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র

সমাজসেবা অধিদপ্তর

রংপুর



এক নজরে আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, সমাজসেবা অধিদপ্তর, রংপুর-এর তথ্যাবলী:

১। আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রের বর্তমান অবস্থান-

১.১। ভূমি অধিগ্রহণ সংক্রান্ত তথ্যাবলী:

মৌজা: বিনোদপুর, জে এল নং-৯৮।

খতিয়ানের ধরণ	খতিয়ান নম্বর	দাগ নম্বর	জমির পরিমাণ (একর)	মোট জমির পরিমাণ(একর)	দলিল সম্পর্কিত তথ্য
আর এস	৬৫	৫৯৪	০.১৪০০০০	১.০০০০০০	দলিল নং: ০৫/২০২১-২০২২ দলিল তারিখ: ০৮/০৮/২০২২ সাবরেজিস্ট্রার অফিস: রংপুর সদর, রংপুর
		৫৯৫	০.৮৬০০০০		দলিল নং: ০৫/২০২১-২০২২ দলিল তারিখ: ০৮/০৮/২০২২ সাবরেজিস্ট্রার অফিস: রংপুর সদর, রংপুর

১.২। অফিস ভবন ভাড়া সংক্রান্ত তথ্যাবলী:

গ্লাস হাউজ, শাপলা চত্বর, ওয়ার্ড নং-২৬, রংপুর সিটি কর্পোরেশন, রংপুর-এ নির্মিত আটতলা ভবনের ৩য়, ৪র্থ ও ৫ম তলা হস্তান্তরের নিমিত্তে ভবনের অবকাঠামো এর কাজ চলমান।

২। প্রতিষ্ঠার বছর: ২০২৩ খ্রি.

৩। প্রশিক্ষণের লক্ষ্য ও উদ্দেশ্য:

লক্ষ্য: সমাজসেবার ক্ষেত্রে শিক্ষা, প্রশিক্ষণ, গবেষণা ও বিকাশে শ্রেষ্ঠত্ব অর্জন।

উদ্দেশ্য: দরিদ্র অসহায় জনগোষ্ঠী এবং বিশেষ চাহিদা সম্পন্ন জনগোষ্ঠী এবং যত্নশীল সমাজ বিনির্মানের জন্য তথ্য-

যোগাযোগ প্রযুক্তি ও আধুনিক সমাজকর্মের অনুশীলন নির্ভর বিশেষায়িত জ্ঞান এবং অভিজ্ঞতা প্রদানের মাধ্যমে

দক্ষ ও সক্ষম জনশক্তি প্রস্তুত করা।

৪। অধিক্ষেত্র: রংপুর বিভাগের ৮টি জেলা।

৫। প্রশিক্ষনার্থীর পর্যায়/পদ:

রংপুর বিভাগের ৮টি জেলার সমাজসেবা অধিদপ্তরের সকল তৃতীয় এবং চতুর্থ শ্রেণীর কর্মচারী।

৬। জনবলের তথ্যাবলী:

ক্র: নং	পদের নাম	পদের সংখ্যা	কর্মরত পদ	শূন্য পদ	মন্তব্য
০১।	অধ্যক্ষ (সহকারী পরিচালক)	০১	০১	-	
০২।	প্রভাষক	০১	০১	-	
০৩।	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	০১	০১	-	
০৪।	অফিস সহায়ক	০১	০১	-	

৭। প্রশিক্ষণ কোর্সসমূহ:

- দপ্তর ব্যবস্থাপনা ও আর্থিক বিধি
- ওরিয়েন্টেশন
- পেশাগত দক্ষতা বৃদ্ধি ও মানোন্নয়ন
- সামাজিক নিরাপত্তা কার্যক্রম ব্যবস্থাপনা
- **Computer Application and Office management course**
- প্রাতিষ্ঠানিক কার্যক্রম ব্যবস্থাপনা ও শিশু সুরক্ষা
- শিশুর উন্নয়ন ও বিকাশ
- ক্ষুদ্র ঋণ কার্যক্রম ব্যবস্থাপনা
- দারিদ্র বিমোচন কার্যক্রম ব্যবস্থাপনা
- **Office Management & ICT Course**
- **Office Management & Communication**
- দপ্তর ব্যবস্থাপনা ও ই-ফাইলিং
- ইনহাউজ

৮। আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র প্রতিষ্ঠার ইতিহাস:

১৯৬৭ সাল থেকে সমাজসেবা অধিদপ্তরের অধীনে আন্তঃপ্রশিক্ষণ কেন্দ্র (ইন সার্ভিস ট্রেনিং সেন্টার) এর মাধ্যমে কর্মচারীদের প্রশিক্ষণ কার্যক্রম শুরু করা হয়। পরবর্তীতে এর নামকরণ করা হয় জাতীয় সমাজসেবা একাডেমি। অধিদপ্তরের বিশাল জনবলের প্রশিক্ষণ চাহিদা মেটানোর লক্ষ্যে ১৯৮১ সালে “আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র” শীর্ষক একটি প্রকল্পের মাধ্যমে ঢাকা, খুলনা ও রাজশাহীতে তিনটি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করা হয়। ১৯৯৯-২০০২ অর্থবছরে চট্টগ্রাম, বরিশাল ও সিলেট বিভাগে “আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন ও উন্নয়ন” শীর্ষক প্রকল্প বাস্তবায়ন করে এই তিন বিভাগে একটি করে তিনটি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের কাজ শুরু করা হয়। পরবর্তীতে ২০২৩ সালে রংপুর ও ময়মনসিংহ বিভাগে দুইটি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র প্রতিষ্ঠা করা হয়।